



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019



Worksheet - 6

Class: 3

Subject: Bengali Grammar

Date : 14/4/2020

১। নিচের বর্ণগুলিকে জুড়ে শব্দ বানাও :-

ক) স্ + অ + ক্ + অ + ল্ + অ =

খ) ম্ + উ + শ্ + অ + ক্ + ই + ল্ + অ =

গ) ব্ + ও + ক্ + আ + ম্ + ই =

ঘ) স্ + আ + হ্ + এ + ব্ + অ =

ঙ) ন্ + অ + গ + অ + র + অ =

২। যেটি বাক্য তার পাশে বাক্য আর যেটি বাক্য নয় তার পাশে বাক্য নয় লেখ :-

ক) আমাদের ঘুম ভাঙে মাছের ডাকে।

খ) আকাশে পৃথিবী ঘোরে।

গ। মামার বাড়ি ভারি মজা হয়।

ঘ) শহরের বাড়িগুলি খুব উঁচু উঁচু।

ঙ) দাদার সঙ্গে ফুটবল খেলি।

৩। ঠিক বা ভুল লেখ :-

ক) নাম বোঝালে ক্রিয়াপদ হয়।

খ) কোন কিছু করা, থাকা, হওয়া বোঝালে হয় বিশেষ্য পদ।

গ) যে পদের কোন ব্যয় নেই তাকে অব্যয় পদ বলে।

ঘ) বিশেষ্য বা সর্বনামের দোষ গুণ বোঝালে বিশেষণ পদ হয়।

ঙ) কোন নামের বদলে যা বসে তা হল সর্বনাম পদ।

৪। বোধশক্তির বিচার (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তরগুলি লেখ) :-

এক শেয়ালের খুব খিদে পেয়েছে। খাবার খুঁজতে খুঁজতে এক বাগানে দেখল থোকা থোকা আঙ্গুর ঝুলছে। লোভে তার জিভে জল এসে গেল। কিন্তু আঙ্গুরের থোকা গুলো ছিল বেশ উঁচুতে। অনেক লাফা লাফি করেও সে আঙ্গুরের নাগাল পেলনা। তখন বেচারা হতাশ হয়ে বলল “আঙ্গুরগুলি টক”। একথা বলে সে সেখান থেকে চলে গেল।

ক) খাবার খুঁজতে গিয়ে শেয়াল কি দেখতে পেল ?

খ) কেন সে আঙ্গুরের নাগাল পেল না ?

গ) হতাশ হয়ে শেয়াল কি বলে সে সেখান থেকে চলে গেল ?

বাক্য রচনা কর :-

ঘ) লোভ =

ঙ) হতাশ =

Manashi Chaudhuri